গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.১৪.০০৬.১৯-৫২২

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (USDOS) এর 'স্ট্রেংথেনিং রুল অফ ল' প্রোগ্রামের কার্যক্রমে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ NCSC এর ১০ মার্চ, ২০১৯ তারিখের 019/2019 নং পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর 'স্ট্রেংথেনিং রুল অফ ল' প্রোগ্রাম এর কর্মপরিকল্পনা (Work Plan) অনুমোদন করেছে। এ প্রোগ্রামের আওতায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও এর রিসার্চ ইউনিট, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (JATI) ছাড়াও চারটি পাইলট জেলার (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও সিলেট) সন্ত্রাস বিরোধী ট্রাইব্যুনাল, বিশেষ আদালত (মানি লন্ডারিং মামলা পরিচালনাকারী) সহ অন্যান্য আদালতে কারিগরি সহযোগিতা প্রদান করা হবে। এছাড়া সন্ত্রাস দমন, মানি লন্ডারিং প্রতিরোধ, আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনা বিষয়ে উপরোক্ত আদালতসমূহের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান, কারিকুলাম তৈরি, সচেতনতা বৃদ্ধি ও গবেষণামূলক উপকরণ সরবরাহ করা হবে।

০২। এমতাবস্থায়, 'স্ট্রেংথেং রুল অফ ল' প্রোগ্রাম সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯.০৫.২০১৯

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। জেলা ও দায়রা জজ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
৫। মহাপরিচালক (লিগ্যাল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৬। বিচারক, সন্ত্রাস বিরোধী ট্রাইব্যুনাল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
৭। বিচারক, বিশেষ জজ আদালতসমূহ, ঢাকা।
৮। Sharmeen Farouk , Chief of Party, Strengthening Rule of Law Program, Flat-A/4, House-9, Road-29, Gulshan-1, Dhaka-1212.

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। যুগ্ম সচিব (প্রশাসন-১/২/মতামত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৪। উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।